R. N. No. 2532/57 Phone No. 66-228, STD 03483 Regd. No.—WB/MSD—4

আলমারী, চেয়ার এবং
যাবতীয় ষ্টীল সরঞ্জাম বিক্রেতা
বি কে
ষ্টীল ফার্ণিচার
অনুমোদিত বিক্রেতা ঃ ষ্টিলকো
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)
প্রথম প্রকাশ ঃ ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
(মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল
কো-অপারেটিভ ব্যাংক
অনুমোদিত)
ফোন ঃ ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

৮৫শ বর্ষ
৩৭শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ২০শে মাঘ, বুধবার, ১৪০৫ সাল।
৩রা ফেব্রুয়ারী, ১৯৯৯ সাল।
নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

২০ থেকে ২৫ লক্ষ টাকা নিয়ে গা ঢাকা দিল আবার এক ভূয়া সংস্থা

নিজস্ব সংবাদদাতা : গত প্রায় তিন মাস ধরে ব্যবসা চালিয়ে রঘুনাথগঞ্জ ও আশপাশ এলাকার মানুষকে হাতে চাঁদ পাইয়ে দেবার নাম করে শেষ পর্যন্ত রাতারাতি পাততাড়ি গোটালো "দীপক হোম এ্যাপ্লিয়ান্সেস" নামে এক ভূয়া সংস্থা। ডিসেম্বরের প্রথম থেকে এই সংস্থার নিযুক্ত কিছু যুবক শহরে গ্রামে হ্যাণ্ডবিল বিলি করে জোর প্রচার চালায়। বোলপুর বা বহরমপুরে এই ধরনের সংস্থার প্রতারণার খবর সাধারণ মানুষের কাছে থাকলেও প্রশাসন এ ব্যাপারে সম্পূর্ণ নীরব ছিল বলে অভিযোগ। এই সংস্থাটি বালিঘাটায় মার্জান মিঞার বাড়ী ভাড়া নেয়। এরা বিভিন্ন সামগ্রী যেমন ষ্টিল আলমারি, টেবিল ফ্যান, বিভিন্ন কোম্পানীর সাইকেল, স্কুটার এমনকি মারুতী গাড়ীও অর্দ্ধেক দামে দেবার লোভ দেখায়। যে কোন সামগ্রীর অর্দ্ধেক মূল্য জমা দেবার পনের দিন পর সেটা ক্রেতার হাতে তুলে দেবে —এই ছিল সংস্থাটির শর্ত। প্রথম প্রথম বিশ্বাস অর্জন করতে তারা জিনিসপত্র কয়েকজনকে দেয়। এমন কি ঐ সংস্থা সন্দেহ নিরসনে পুরসভা থেকে ট্রেড লাইসেন্স বার করে ও সেলস্ ট্যাক্স জমা দেয়। লোভের বশবর্তী হয়ে বহু মানুষ হাজার হাজার টাকা জমা দেয় ঐ সংস্থায়। শোনা যাচ্ছে বিগত পনের দিনে ২০ থেকে ২৫ লক্ষ টাকা জমা পড়ে। রবিবারের সুযোগ নিয়ে গত ৩১ জানুয়ারী 'দীপক হোম এ্যাপ্লিয়ানসেস' এর কর্ণধারসহ (২য় পৃষ্ঠায়)

ছাত্র মৃত্যুকে ঘিরে ম্যাটাডোরে আগুন উত্তেজিত জনতার হাতে কয়েকজন শিক্ষক লাঞ্ছিত

নিজস্ব সংবাদদাতা : গত ২৯ জানুয়ারী বেলা ১০-৩০ নাগাদ বাছুরাইল গ্রাম থেকে স্কুলে আসার পথে মির্জাপুর রেল গেটের কাছে স্থানীয় উচ্চ বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণীর ছাত্র তাপস দাস ম্যাটাডোরের (WB 53-2370) চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলে মারা যায়। খবর, তাপস ও তার এক বন্ধু একই সাইকেলে স্কুলে আসছিল। হঠাৎ বিপরীত দিক থেকে আসা একটি বরযাত্রী বোঝাই ম্যাটাডোর দেখে ওরা হতচকিত হয়ে দু'জন রাস্তার দু'ধারে সাইকেল থেকে পড়ে যায়। দ্রুতগতিতে আসা ম্যাটাডোরটির পিছনের চাকা তাপসের মাথার উপর দিয়ে চলে গেলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। খবর পাওয়া মাত্র স্কুলের ছাত্র, শিক্ষক ও গ্রামবাসীরা ঘটনাস্থলে এসে ভিড় করেন। স্কুল থেকে রঘুনাথগঞ্জ থানায় ফোন করা হয়। পুলিশ আসার আগেই উত্তেজিত গ্রামবাসীদের লাগানো আগুনে ম্যাটাডোরটি সম্পূর্ণ ভস্মীভূত হয়। স্কুলের প্রধান শিক্ষক ঘটনাস্থলে উপস্থিত না হওয়ার কারণ দেখিয়ে ঐ স্কুলের প্রাক্তন সম্পাদক পূর্ণচন্দ্র গোঁচির নেতৃত্বে বেশ কিছু উত্তেজিত মানুষ স্কুলে চড়াও হন। সেই সময় শোক প্রস্তাবের ব্যাপারে প্রধান শিক্ষক ও শিক্ষকদের মধ্যে আলোচনা চলছিল বলে জানা যায়। উত্তেজিত জনতার হাতে প্রধান শিক্ষকসহ কয়েকজন শিক্ষক লাঞ্ছিত হন বলে খবর। পুলিশ ঘটনাস্থলে এসেও প্রতিরোধে এগিয়ে আসেনি বলে শিক্ষকদের অভিযোগ।

এক ফুলতলা দুই দুর্ঘটনা

নিজস্ব সংবাদদাতা : গত ২ ফেব্রুয়ারী রঘুনাথগঞ্জ শহরের ব্যস্ততম এলাকা ফুলতলায় একই দিনে কয়েক ঘণ্টার ব্যবধানে দু'টি দুর্ঘটনায় দু'জন গুরুতর আহত হন। প্রথম দুর্ঘটনা সকাল ১০-৩০ টায়। অমর স্মৃতি ট্রাভেলস (WB 57-2684) যাত্রীবাহী বাসটি দ্রুতগতিতে জনবহুল ফুলতলায় ঢোকার মুখে গৌড় হালদার নামে ৬৫ বছরের এক বৃদ্ধের সাইকেলে ধাক্কা মারে। গৌড়বাবু প্রাণে বেঁচে গেলেও গুরুতর আহত হন। তাঁর ডান হাঁটুর নীচের বেশ (শেষ পৃষ্ঠায়)

চারণ কবি গুমানী দেওয়ানের জন্ম শতবর্ষ উদযাপন আগামী মার্চে

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘি ব্লকের জীনদীঘি উচ্চ বিদ্যালয়ে গত ৩ জানুয়ারী চারণ কবি গুমানী দেওয়ানের জন্ম শতবর্ষ উদ্‌যাপন উপলক্ষে ২০ জনকে নিয়ে এক অভ্যর্থনা কমিটি গঠিত হয়। অনুষ্ঠানে পশ্চিমবঙ্গ সরকারের লোক সংস্কৃতি বিভাগের প্রধান সচিব প্রদীপ ঘোষ ছাড়াও মোজাফ্‌ফর হোসেন, সাগরদীঘির বিধায়ক পরেশ দাস, সাগরদীঘি ব্লকের বিডিও, (শেষ পৃষ্ঠায়)

ছাত্র পরিষদের ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান

ধুলিয়ান : গত ২২ থেকে ২৬ জানুয়ারী ভারতীয় সাধারণতন্ত্রের প্রাক সুবর্ণ জয়ন্তী-বর্ষকে স্বাগত জানাতে সমসেরগঞ্জ ব্লক ছাত্র পরিষদ ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। এই পর্যায়ে গত ২৪ জানুয়ারী হাজী লুৎফল হক মেমোরিয়াল নক আউট ক্রিকেট প্রতিযোগিতার ফাইনালে যুগ্ম বিজয়ী হয় ধুলিয়ান (শেষ পৃষ্ঠায়)

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার ?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পারিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার ॥
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

২০শে মাঘ বুধবার, ১৪০৫ সাল।

নিন্দনীয় তথা চিন্তনীয়

কিছু দিন পূর্বে ওড়িশার কেওনঝড় জেলার মোহনপুর গ্রামে অষ্ট্রেলীয় খ্রীষ্টান মিশনারী গ্রাহাম ষ্টুয়ার্ট ষ্টেইনস ও তাঁহার দুই নাবালক পুত্র টিমোথি এবং ফিলিপকে আততায়ীরা জীবন্ত দগ্ধ করিয়া সারা দুনিয়াকে স্তম্ভিত করিয়াছে। এমন মর্মান্তিক ও হৃদয়-বিদারী ঘটনা দেখা যায় না। সপুত্র এই খ্রীষ্টান মিশনারী গাড়ীতে ঘুমন্ত অবস্থায় ছিলেন ; সেই সময় গাড়ীতে পেট্রল ঢালিয়া অগ্নিসংযোগ করা হয় বলিয়া সংবাদে প্রকাশ। অগ্নিবেষ্টিত হইয়া প্রাণরক্ষার কোন সুযোগ হতভাগ্যদের মিলে নাই। এমন নারকীয় পৈশাচিকতা সম্পন্ন করিয়াছে ঈশ্বরের সৃষ্ট শ্রেষ্ঠ জীব মানুষই।

গ্রাহাম ষ্টুয়ার্ট ষ্টেইনস দীর্ঘকাল ধরিয়া কুষ্ঠরোগীদের সেবাকার্যে ব্রতী ছিলেন। তিনি তাঁহার কর্মক্ষেত্রে যথেষ্ট সুপরিচিত ও সম্মানীয় ছিলেন। ওড়িয়া এবং সাঁওতালী ভাষায় তিনি কথা বলিতে সক্ষম ছিলেন। এমন এক ব্যক্তিত্বের প্রতি কেন এই নিদারুণ আঘাত, তাহা ভাবিবার বিষয়।

ভারতে ধর্মান্তরকরণের কাজ অনেক দিন হইতে চলিয়া আসিতেছে। আর খ্রীষ্টান মিশনারীরা ইহাতে অগ্রণী ভূমিকা গ্রহণ করিয়াছিলেন। অবশ্য তাঁহারা জনশিক্ষা, জনস্বাস্থ্য প্রভৃতি ব্যাপারে অনেক কাজ করেন। এই জনকল্যাণমূলক কাজের জন্য তাঁহারা এই দেশের মানুষের অকুণ্ঠ শ্রদ্ধা অর্জন করেন, কিন্তু অখ্রীষ্টানদের খ্রীষ্টধর্মে দীক্ষিত করিতে মিশনারীদের পূর্বে যে প্রয়াস ছিল, তাহাতে এই দেশের রাজশক্তি বাধা দেয় নাই। কারণ দেশ তখন ইংরাজ শাসনাধীন ছিল। মুসলমান রাজত্বকালে ইসলামে ধর্মান্তরিতকরণের কাজও হইয়াছিল। প্রধানতঃ দারিদ্র্য, অশিক্ষা, অসহায়তার কারণে বিভিন্ন সময়ে এই ধর্মান্তরিতকরণের কাজ সম্ভব হইয়াছিল।

স্বাধীনতা-উত্তর ভারত ধর্মনিরপেক্ষ রাষ্ট্র হিসাবে পরিচিত হইয়াছে। এখানে স্ব স্ব ধর্মাচরণের সাংবিধানিক অধিকার স্বীকৃত। বর্তমান ভারত হিন্দু, মুসলিম, জৈন, বৌদ্ধ, পারসিক, খ্রীষ্টান ধর্মাবলম্বীদের মহামানবের সাগরতীর। এই দেশে বিভিন্ন ধর্মের অদ্ভুত সহাবস্থান রহিয়াছে। কিন্তু সম্প্রতি নানা স্থানে অশান্তির প্রকাশ ঘটিতেছে। এই অশান্তি ক্রমশঃ সাম্প্রদায়িক দাঙ্গার রূপ পরিগ্রহ করিতেছে। কিছুদিন হইতে গুজরাত, মধ্যপ্রদেশ ওড়িশায় খ্রীষ্টীয় ও অখ্রীষ্টীয় সম্প্রদায়ের মধ্যে হানাহানি শুরু হইয়াছে। এই অশান্তি অচিরাৎ বন্ধ করা প্রয়োজন। ওড়িশায় পাদ্রী হত্যার জন্য কেন্দ্রীয় সরকার বিচার বিভাগীয় তদন্তের নির্দেশ দিয়াছেন। সুপ্রীম কোর্টের কোনও বিচারপতি এই তদন্ত চালাইবেন বলিয়া জানা গিয়াছে।

দেশের তাবৎ রাজনৈতিক দলসমূহ পাদ্রী হত্যার জন্য একে অপরকে দায়ী করিবার জন্য প্রচারের তৎপরতা বন্ধ রাখুক, ইহাই কাম্য। সারা দুনিয়ায় ভারতের ভাবমূর্তি মসীলিপ্ত হইবার উপক্রম। এক্ষেত্রে নিরপেক্ষ তদন্তে সহযোগিতা প্রদান একান্ত আবশ্যক। প্রকৃত অপরাধী দৃষ্টান্তমূলক শাস্তি যেন পায়, সকলেই তাহা চাহিতেছেন। মানবদরদী এই পাদ্রী ও তাঁহার দুই নাবালক নিরপরাধ পুত্রের প্রতি এমন বর্বরাধিক মনোবৃত্তি গড়িয়া উঠিবার কারণ কী, তাহাও জানা দরকার। ধর্মান্তরিতকরণ সম্বন্ধেও চিন্তা-ভাবনার প্রয়োজন। আমরা এই জঘন্য হত্যার নিন্দা করিতেছি। চিন্তার বিষয়—আমরা কোন্ পথে চলিতেছি?

আবার এক ভূয়া সংস্থা (১ম পৃষ্ঠার পর)

কয়েকজন লোটাকম্বল গুটিয়ে শহর ছেড়ে পালিয়েছে বলে জানা যায়। তবে ঐ ধরনের বহু সংস্থা এর আগেও শহরের লোককে বোকা বানিয়ে চলে গেলেও এ ব্যাপারে হুঁশ হয়নি শহরবাসী বা প্রশাসনের। বাড়ীর মালিক সূত্রে জানা যায় ঐ সংস্থার সত্বাধিকারী বালাজী রাওসহ কয়েকজন গত অক্টোবর মাসের শেষের দিকে তাঁর বাড়ী ভাড়া নিয়ে ব্যবসা চালু করে। এই প্রসঙ্গে আরো জানা যায় অর্ডার দেওয়া সামগ্রী নির্দ্ধারিত সময় সীমার মধ্যে দিতে না পারায় সংস্থাটি ক্রেতার কাছ থেকে নেওয়া অর্থের দ্বিগুণ টাকা ১০ শতাংশ কেটে নিয়ে কয়েক-জনকে ফেরতও দিয়েছে। এর ফলে তাদের পাতা ফাঁদে সহজভাবেই পা দিয়েছিল শহরের ছোট বড় ব্যবসায়ী, সরকারী কর্মচারী, এ্যাডভোকেট এমনকি পুলিশের মাথাভারী কেউ কেউ বলে জানা যায়। সংস্থাটির পাততাড়ি গোটানোর খবর পেয়ে প্রতারিত কয়েকশো মানুষ ১ ফেব্রুয়ারী সকাল থেকে বালিঘাটায় সংস্থার অফিসের সামনে ভিড় করে। কয়েকজন স্থানীয় যুবক ভূয়া সংস্থার অফিস ঘরের তালা ভেঙে দেয়। আবার কেউ কেউ বাড়ীর প্রাচীর টপকে ঘরের বারান্দায় রাখা সোফা কামবেড প্রাচীর পার করে নিয়ে চলে যায়। বাড়ীর মালিক মার্জান সাহেব বেগতিক দেখে থানায় ফোন করলে পুলিশ ঘটনাস্থলে এসে অফিস লুঠে বাধা দেয়। এর ফলে পুলিশের সঙ্গে বিক্ষুব্ধ জনতার সংঘর্ষ বাধে। পুলিশ প্রথমে লাঠিচার্জ ও পরে দু' রাউণ্ড ফাঁকা গুলি চালায়। ইটের আঘাতে উভয় পক্ষের কয়েকজন আহত হয় বলে জানা যায়। পুলিশ শোরুমের যাবতীয় মালপত্র সীজ করে নিয়ে আসে। কোন গ্রেপ্তারের খবর নেই।

মহকুমায় নেতাজী জয়ন্তী ও প্রজাতন্ত্র দিবস উদযাপন

নিজস্ব সংবাদদাতা : গত ২৩ ও ২৬ জানুয়ারী সুভাষচন্দ্র বসুর ১০২ তম জন্মদিবস ও প্রজাতন্ত্র দিবস মহকুমার বিভিন্ন স্থানে যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়েছে। ২৩ জানুয়ারী অরঙ্গাবাদে ফরওয়ার্ড ব্লক নেতা ও সুতী-২নং পঞ্চায়েত সমিতির প্রাক্তন সহ-সভাপতি সেখ নেজামুদ্দিনের ও বর্তমান সভাপতি হোসেন আলির উপস্থিতিতে বর্ণাঢ্য সভা, সেমিনার ও নেতাজী চেতনা জাঠার মধ্য দিয়ে দিনটি পালিত হয়। সাগরদীঘি বালিয়া নেতাজী সংঘ ক্লাবে এই উপলক্ষে ২৩ থেকে ২৬ জানুয়ারী রোড রেস, বসে আঁকো ও আবৃত্তি প্রতিযোগিতা, সেমিনার, ভলিবল, ওয়ান ডে ক্রিকেট প্রতিযোগিতা ও প্রভাতফেরীর মধ্য দিয়ে ঐতিহাসিক দিন দুটি উদ্‌যাপিত হয়েছে। আহিরণ থেকে খবর এসেছে সেখানে ফরাক্কা ব্যারেজের জুনিয়ার ইনজিনিয়ার্স এসোসিয়েশনের উদ্যোগে জঙ্গীপুর ব্যারেজ কলোনীতে পতাকা উত্তোলন, শঙ্খধ্বনির মধ্য দিয়ে নেতাজী জয়ন্তী ও সি আই এস এফ সদস্যদের গার্ড অফ অনারের মধ্য দিয়ে পতাকা উত্তোলন করে প্রজাতন্ত্র দিবস পালিত হয়েছে। প্রজাতন্ত্র দিবসের মূল অনুষ্ঠান মহকুমা সদরে মহকুমা শাসক মণীষকুমার রায়ের পতাকা উত্তোলন ও সশস্ত্র পুলিশ বাহিনীর মিলিত কুচ-কাওয়াজের মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়। মহকুমা তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে স্থানীয় বিভিন্ন ক্লাব ও সাংস্কৃতিক সংস্থার সদস্যরা বিভিন্ন ধরনের অনুষ্ঠান পরিবেশন করেন। এ ছাড়া বিভিন্ন সরকারী অফিস, মহকুমার ব্যাঙ্ক, পৌরসভা, পঞ্চায়েত অফিস, জীবনবীমার অফিসেও প্রজাতন্ত্র দিবস পালিত হয়েছে। স্থানীয় সব বিদ্যালয় ও ক্লাবগুলি থেকেও এই দিন দুটি উদযাপনের অঙ্গ হিসাবে বিভিন্ন অনুষ্ঠানের সংবাদ পাওয়া গেছে।

কার্ডস ফেয়ার

এখানে সবরকমের কার্ড পাওয়া যায়।

ফোন নং—৬৬২২৮

রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

রাস্তার বেহাল অবস্থায় যাত্রীদের নাকাল বাড়ছে

সাগরদীঘি : রঘুনাথগঞ্জ থেকে সাগরদীঘি পর্যন্ত রাস্তার বেহাল অবস্থায় মানুষ ভুগছে। পাথর উঠে গিয়ে প্রায় জায়গায় গর্ত হয়ে পড়েছে। বাসের চাকা গর্তে পড়ে বাসযাত্রীদের যেমন আঘাত লাগছে তেমনি বাসেরও ভীষণভাবে ক্ষতি হচ্ছে। এর মধ্যে রঘুনাথগঞ্জ থেকে মির্জাপুর পর্যন্ত রাস্তার অবস্থা ভয়াবহ।

ছন্দ বিচিত্রার সমাবর্তন উৎসব

নিজস্ব সংবাদদাতা : গত ২৫ জানুয়ারী রঘুনাথগঞ্জে 'ছন্দ বিচিত্রা'র সমাবর্তন উৎসব স্থানীয় রবীন্দ্রভবনে অনুষ্ঠিত হয়। উদ্বোধনী সঙ্গীতের জন্য নির্দিষ্ট শিল্পীর অনুপস্থিতির কারণে কবিতা আবৃত্তি দিয়ে অনুষ্ঠানের সূচনা করা হয়। জীবনানন্দ দাসের কবিতা আবৃত্তি করে শোনান সুনীতা দাস। প্রদীপ আচার্য ও স্মরণ চট্টোপাধ্যায় পর্যায়ক্রমে কবিতা, ছড়া ও শেষে শ্রুতি নাটক প্রদর্শন করেন। কথক নৃত্য পরিবেশন করেন নূপুর দাস ও ব্রততী দত্ত। পরে সমবেত নৃত্যগীতি আলেখ্য 'অঞ্জলিহ' অনুষ্ঠানটিকে আকর্ষণীয় করে তোলে। সুনীল চট্টোপাধ্যায়ের রবীন্দ্র সঙ্গীত ও বিশ্বনাথ রায়ের গীটার বাদনের পর অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

Murshidabad College of Engineering & Technology

P. O. Cossimbazar Raj, Banjetia

Dist. Murshidabad

TENDER NO. 6/99

Sealed Tenders are invited from bonafide reliable reputed Manufacturing Co., Professional firm or their authorised dealer/agent/stockist for supply of electronics equipments for the basic electronics and electronics engineering laboratory.

The last date for submission of Tender is 22. 02. 99 upto 2-00 P. M. and the same will be opened on the same day at 2-30 P. M.

Tender form may be collected latest by 10. 02. 99 on payment of Rs. 200-00 in D. D. in favour of Murshidabad College of Engineering & Technology from the Registrar between 11-30 A. M. and 3-00 P. M. on all working days.

The other details of Terms and Conditions of the Tender and details of item and specification of the equipments can be had from the Registrar of Murshidabad College of Engineering & Technology on all working days. The cover of Sealed Tender should be superscribed "Tender for Supply of Equipments for Electronics Laboratory" and addressed to the Registrar, Murshidabad College of Engineering and Technology, P. O. Cossimbazar Raj, Banjetia, Dist. Murshidabad.

The undersigned reserves the right to accept, reject any Tender or part thereof without assigning any reason thereof.

Nripen Chowdhury
Chairman,
Murshidabad College of Engineering & Technology.

Memo No. 207/(7)/MCET/BER Dt. 27. 01. 99

এখানে বাংলা, ইংরাজী ও হিন্দিতে যে কোন রবার ষ্ট্যাম্প একঘণ্টার মধ্যে সরবরাহ করা হয়।

বন্ধু কর্ণার

অজিত বারিক

রঘুনাথগঞ্জ ফাঁসিতলা

কৃষি উৎপাদন—
প্রগতির এক নতুন দিশা

সগর্বে ফিরে দেখা—

পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের কুড়ি বছর

কৃষি উৎপাদন-ই রাজ্যকে নিয়ে যায় অর্থনৈতিক অগ্রগতির পথে। আজ যা পশ্চিমবঙ্গে প্রমাণিত। বামফ্রন্ট সরকারের বিশেষ প্রয়াসে পশ্চিমবঙ্গ বর্তমানে কৃষি উৎপাদনের ক্ষেত্রে উচ্চস্থানে অধিষ্ঠিত। খাদ্য উৎপাদনে বামফ্রন্ট সরকারের দৃঢ় পদক্ষেপ রাজ্যকে স্বয়ং সম্পূর্ণ করার ক্ষেত্রে এক দৃষ্টান্তমূলক সাফল্য অর্জন করেছে।

বিশেষ সাফল্য :

- ★ খাদ্য শস্যের উৎপাদনশীলতা বৃদ্ধিতে বিশেষ সাফল্য
- ★ ধান উৎপাদনে অগ্রগণ্য
- ★ সবজি চাষে অগ্রগতি
- ★ শুধু জমি বিতরণ-ই নয়, ভূমি সংরক্ষণ, ক্ষুদ্র সেচ প্রকল্প, উন্নতমানের বীজ এবং সার প্রয়োগে উৎপাদনে সাফল্য
- ★ একই জমিতে একাধিক শস্য উৎপাদনে বিশেষ সাফল্য
- ★ সুষম সার ব্যবহারে অগ্রণী
- ★ সক্ষম কৃষিজীবিদের সহজসাধ্য ব্যাঙ্ক ঋণের ব্যবস্থা

নতুন শতাব্দীর প্রাক্কালে কৃষি উৎপাদনে সফলতার মাধ্যমে রাজ্যকে অগ্রগতির পথে নিয়ে যেতে পশ্চিমবঙ্গ সরকার অঙ্গীকারবদ্ধ।

পশ্চিমবঙ্গ সরকার

Memo No. 5 (32) INF/Msd. Date : 6-1-99

এক ফুলতলা দুই দুর্ঘটনা (১ম পৃষ্ঠার পর)

কিছুটা মাংস ঝুলে গিয়ে হাড় দেখা যায়। এরপর ঐ দিন বেলা দুটো নাগাদ মা মনসা ট্রাভেলস (WGQ 1179) একইভাবে রঘুনাথগঞ্জ গোডাউন কলোনীর অজিত ভাস্করকে পিছন থেকে ধাক্কা মারলে তিনি আহত হন। স্থানীয় মানুষের অভিযোগ প্রতিটি যাত্রীবাহী বাস ফুলতলায় ঢোকার মুখে যানজটকে তোয়াক্কা না করে দ্রুতগতিতে আসার কারণেই এই দুর্ঘটনা।

আপনাদের সেবায় দীর্ঘ পনের বছর যাবৎ নিয়োজিত

✚ অন্নপূর্ণা হোমিও ক্লিনিক ✚

রঘুনাথগঞ্জ ★ ফুলতলা ★ মুর্শিদাবাদ

(সবজী বাজারের বিপরীত দিকে)

প্রোঃ প্রখ্যাত হোমিও চিকিৎসক—**ডাঃ সাহা**

ডি. এম. এস (কলি), পি. ই. টি (ডাব্লু, টি), এফ. ডাব্লু. টি (আই. আর. সি. এস)

এখানে বিদেশী ঔষধ ও অত্যাধুনিক যন্ত্রপাতি দ্বারা সুচিকিৎসার ব্যবস্থা আছে। পেটের আলসার, কিডনির পাথর, বন্ধ্যা, কানের পুঁজ, পোলিও এবং প্যারালিসিস রোগের চিকিৎসা গ্যারান্টি সহকারে করা হয়।

হ্যাপকো এবং জার্মানীর হোমিও ঔষধ, সার্জিক্যাল, ডেন্টাল ও সর্বপ্রকার ডাক্তারী ইনষ্ট্রুমেন্ট ও পার্টস, মেডিক্যাল পুস্তক, ডাক্তারী লেদার ব্যাগ, টিঞ্চার ও কেমিক্যাল গ্রুপের ঔষধ, ফার্ষ্ট এড বক্স-এর সকলপ্রকার ঔষধ পাওয়া যায়।

বিঃ দ্রঃ—হারনিয়াল বেল্ট, এল, এস, বেল্ট, সারভাইক্যাল কলার 'কানের ভল্যুম কনট্রোল মেসিন ইত্যাদিও পাওয়া যায়।

সকলকে অভিনন্দন জানাই—

রঘুনাথগঞ্জ ব্লক নং-১
রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ

(হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট সেন্টার)

রেজিঃ নং—২০ ✶ তারিখ—২১-২-৮০

গ্রাম মির্জাপুর ।। পোঃ গনকর ।। জেলা মুর্শিদাবাদ

ফোন নং—৬২০২৭

ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী, প্রিন্ট শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

বিশেষ সরকারী ছাড় ১০%

✪ **সততাই আমাদের মূলধন** ✪

জয়ন্ত বাঘিড়া	ধনঞ্জয় কাদিয়া	অচিন্ত্য মনিয়া
সভাপতি	ম্যানেজার	সম্পাদক

দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ) পিন ৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান (১ম পৃষ্ঠার পর)

টাউন ক্লাব এবং ফরাক্কা ব্লক ছাত্র পরিষদ কমিটি। পরদিন ২৫ জানুয়ারী কাঞ্চনতলা উচ্চতর বিদ্যালয় ময়দানে অনুষ্ঠিত হয় ব্লক পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতা। বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা এই প্রতিযোগিতায় অংশ নেয়। প্রজাতন্ত্র দিবসে ২৬ জানুয়ারী সকাল থেকেই সুরু হয় বিভিন্ন প্রতিযোগিতামূলক সাংস্কৃতিক অনুষ্ঠান। বিকেলে ধুলিয়ান বাসষ্ট্যাণ্ড সংলগ্ন স্থানে এক সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে স্থানীয় বিদ্যালয়, গণসংগঠনের ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা ছাত্র পরিষদ সভাপতি মহঃ জহর, জেলা সেবাদলের চেয়ারম্যান অতীন গুপ্ত, বিধায়ক হুমায়ুন রেজা প্রমুখ।

জন্ম শতবর্ষ উদযাপন আগামী মার্চে (১ম পৃষ্ঠার পর)

জয়েন্ট বিডিও, ব্লক সভাপতি প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিধায়ক পরেশ দাস। এখানে কমবেশী সকলেই গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন। মোজাফ্ফর হোসেন তাঁর বক্তব্যে গ্রামাঞ্চলের সমস্ত শিল্পীকে প্রচার আলোকে আনার আহ্বান জানান। সর্বসম্মতিক্রমে মার্চ মাসের ৫, ৬, ৭ তিন দিন জীনদীঘিতে চারণ কবি গুমানী দেওয়ানের জন্ম শতবার্ষিকী উৎসব ও মেলা উৎযাপিত হবে বলে ঠিক হয়।

CENTURY'S VISHWAKARMA

আপনার স্বপ্নের বাড়ি তৈরী করতে ব্যবহার করুন ....

Century Cement

THE COMPLETE CEMENT

সেঞ্চুরী সিমেন্ট একটি সম্পূর্ণ সিমেন্ট

Lookad

বিজ্ঞপ্তি

ভারতীয় ষ্টেট ব্যাংক, ফরাক্কা শাখা, এতদ্দ্বারা বিজ্ঞপ্তি দিচ্ছে যে আগামী ২৩শে ফেব্রুয়ারী (মঙ্গলবার) ১৯৯৯ বিকাল ৩ (তিন) টায় নিম্নলিখিত লকারবিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে ভাঙা হবে।

গ্রাহকের নাম ও ঠিকানা	লকার নং
শ্রীপূর্ণাংশু রায় শ্রীমতী শর্মিলা রায় প্রযত্নে লাইন হোটেল গ্রাম বৈকুন্ঠপুর পোঃ হিলি জেলা দঃ দিনাজপুর	এন ৮৫

শাখা ব্যবস্থাপক
ভারতীয় ষ্টেট ব্যাংক
ফরাক্কা শাখা

৩০/১/৯৯

অনিবার্য কারণবশতঃ পূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তিতে কিছু পরিবর্তন করা হল।